দৈনিক জনকণ্ঠ

তারিখ: 19 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতি নেতাদের সাক্ষাত

স্টাফ রিপোর্টার ॥ সম্প্রতি মন্ত্রিসভায় অনুমোদন প্যাওয়া এ্যাক্রিডিটেশন কাউন্সিল আইনকে স্বাগত জানালেও এর কয়েকটি ধারা নিয়ে আপত্তি তুলেছে বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতি। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় পরিচালনায় ইউজিসির বাইরের প্রতিষ্ঠানের 'খবরদারি' নিয়ে আপত্তি তুলেছেন তাঁরা। সোমবার ইউজিসির চেয়ারম্যান আবদুল মান্নানের সঙ্গে সাক্ষাত করে এসব দাবি তুলে ধরেন তারা। সমিতির সভাপতি শেখ কবির হোসেনের নেতৃত্বে একটি প্রতিনিধি দল এই সাক্ষাত করে। প্রতিনিধি দলে ছিলেন সমিতির সাধারণ সম্পাদক বেনজির আহমেদ, সদস্য অধ্যাপক ড. শফিক সিদ্দিকী, কাজী আনিস আহমেদ ও সবুর খান। সাক্ষাতে কাউন্সিলের অনুমোদন ছাড়া কোন প্রকার বিজ্ঞপ্তি প্রকাশ ও সনদ দিতে না পারা এবং ভুল তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের সনদ বাতিলসহ কয়েকটি ধারার ব্যাপারে আপত্তি তোলেন তারা। বৈঠকের ব্যাপারে সমিতির সভাপতি শেখ কবির হোসেন বলেন, ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে নিয়মিত সাক্ষাতের অংশ হিসেবেই মূলত দেখা করেছি। আমাদের দুটি প্রধান দাবি ছিল কাউন্সিলে মালিকদের প্রতিনিধি রাখা এবং সরকারী ও বেসরকারী সব স্তরের বিশ্ববিদ্যালয়কে নিয়ে কাউন্সিল করা। আইনে এই দুই দাবি সংযোজন করায় আমরা সন্তুষ্ট। তবে কাউন্সিলের আইনটি হাতে পাওয়ার পর কোন আপত্তি থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের কাছে তুলে ধরা হবে।